সেকেন্ডারি এডুকেশান কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা মন্ত্রণালয়

মে ২০১৪

শ্রেষ্ঠ শিক্ষার্থী উদ্দীপনা পুরস্কার ম্যানুয়্যাল

(গ্রেড ৬ - ১০)

শ্রেষ্ঠ শিক্ষার্থী উদ্দীপনা পুরস্কার (গ্রেড ৬ - ১০)

১.০ সূচনা

সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি এ্যান্ড অ্যাকসেস এ্যানহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)-এর উদ্দেশ্য হচ্ছে মাধ্যমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন, শিখন ফলাফলসমূহ ধারাবাহিকভাবে পরিবীক্ষণ ও মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে সকলের জন্য সমান সুযোগ নিশ্চিত করা। মূল সেকায়েপ প্রকল্পে ১২৫টি উপজেলা অন্তর্ভুক্ত ছিল। প্রকল্পের কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের ফলশ্রুতিতে অতিরিক্ত অর্থায়নের মাধ্যমে ২য় সংশোধিত প্রকল্প দলিলে আরও ৯০ টি উপজেলা অন্তর্ভুক্ত করা হয়েছে। ফলে মোট ২১৫টি উপজেলায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

২.০ পুরস্কারের উদ্দেশ্য

মাধ্যমিক স্তরে গুণগত শিক্ষা নিশ্চিত করতে প্রকল্প হতে বিভিন্ন উদ্দীপনা পুরস্কার প্রদান করা হবে। তাঁর মধ্যে অন্যতম হচ্ছে বিভিন্ন গ্রেডে শ্রেষ্ঠ শিক্ষার্থীদের পুরস্কার প্রদান। শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরস্কার প্রদানের উদ্দেশ্য হলো ভাল ফলাফল অর্জনের জন্য তাদের উৎসাহিত করা। উদ্দীপনা পুরস্কার শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে সহায়ক হবে।

৩.০ ভবিষ্যৎ কর্মসূচি

৬ষ্ঠ থেকে ১০ম গ্রেডের বার্ষিক পরীক্ষায় শ্রেষ্ঠ কৃতিত্ব অর্জনকারী ছাত্র ও ছাত্রীকে এ পুরস্কার দেয়া হবে। এ পুরস্কার কার্যক্রম ২০১৫ সাল থেকে ২১৫ টি উপজেলায় এবং প্রকল্প শেষে পুরো দেশে সম্প্রসারিত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। এ রমক সফল একটি প্রকল্পের অর্জনকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে বাংলাদেশ সরকার ২০১৮ সন থেকে পরিকল্পিত অধিকতর সমন্বিত মাধ্যমিক শিক্ষা খাত উন্নয়ন (SWAP) কর্মসূচির মূল ধারায় সারাদেশে উদ্দীপনা পুরস্কারকে অর্ন্তভুক্তির জন্য কাজ করছে অতিরিক্ত অর্থায়নের আওতায় এ কার্যক্রম সম্প্রসারিত, শক্তিশালী ও নিয়মিতভাবে পরিবীক্ষিত হবে।

৪.০ ম্যানুয়ালের উদ্দেশ্য:

প্রকল্পের বর্ধিত মেয়াদকালে শ্রেষ্ঠ কৃতিত্ব অর্জনকারী শিক্ষার্থীকে এ নির্দেশিকা অনুসরণে উদ্দীপনা পুরস্কার দেয়া হবে। এ নির্দেশিকা প্রণয়ন ও জারীর সুনির্দিষ্ট উদ্দেশ্য হচ্ছে:

ক. পুরস্কার প্রদানের জন্য শিক্ষার্থী বাছাইয়ের নির্ণায়ক নির্ধারণ;
খ. অনুসরণীয় নির্বাচন পদ্ধতির বর্ণনা;
গ. সংশ্লিষ্ট সহযোগীদের ভূমিকা ও দায়িত্ব সুনির্দিষ্ট করা; এবং
ঘ. উদ্দীপনা পুরস্কারের অর্থ ছাড়াও বিতরণ পদ্ধতি বিষয়ে আলোকপাত করা।

৫.০ সংস্করণ:

এটি ম্যানুয়ালের ২য় সংস্করণ। বাস্তব অবস্থার নিরিখে অর্জিত ফলাফল পর্যালোচনা করে প্রকল্পের প্রয়োজনে সময় সময় বিশ্ব ব্যাংকের পরামর্শ ও সম্মতির ভিত্তিতে এ ম্যানুয়াল সংশোধন করা যাবে। এরূপ সংশোধনের ক্ষেত্রে মাউশির অনুমোদন গ্রহণ করতে হবে।

খ. বাস্তবায়ন পদ্ধতি

৬.০ পুরস্কারের ধরণ

উদ্দীপনা পুরস্কার প্রদান করা হবে নগদ অর্থ ও সনদপত্র-এর আকারে।

৭.০ পুরস্কার প্রাপ্তির যোগ্যতা

সেকায়েপভুক্ত প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে প্রতি বছর ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণী পর্যন্ত বার্ষিক পরীক্ষায় শ্রেষ্ঠতম স্থান অর্জনকারী ছাত্র/ছাত্রী উভয়েই উদ্দীপনা পুরস্কার পাবে। একই ভাবে জেএসসি/জেডিসি পরীক্ষায় জিপিএ- ৫ অর্জনকারী প্রত্যেক ছাত্র/ছাত্রীকে এ উদ্দীপনা পুরস্কার দেয়া হবে। ভাল ফল অর্জনের জন্য কঠোর পরিশ্রমের স্বীকৃতিস্বরূপ প্রত্যেক শ্রেষ্ঠ শিক্ষার্থীকে নগদ ১০০০.০০ (এক হাজার) টাকা পুরস্কার এবং একটি সনদপত্র দেয়া হবে। এরূপ পুরস্কার কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনে অন্যান্য শিক্ষার্থীদেরকে ভাল ফল অর্জনে উৎসাহিত করবে। বিভিন্ন শ্রেণীতে নিম্নরূপভাবে পুরস্কার দেয়া হবে:

- **৬ষ্ঠ, ৭ম ও ৯ম শ্রেণী সমাপনকারী শিক্ষার্থীদের পুরস্কার:** শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক বার্ষিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রত্যেক শ্রেণীর সেরা ফল অর্জনকারী শিক্ষার্থীকে ১০০০ (এক হাজার) টাকা এ পুরস্কার দেয়া হবে। সহশিক্ষামূলক প্রতিষ্ঠানসমূহের সেরা ফল অর্জনকারী ছাত্র ও ছাত্রী উভয়েই এ পুরস্কার পাবে।

- **৮ম শ্রেণী সমাপনকারী শিক্ষার্থীর পুরস্কার:** সেকায়েপভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে জেএসসি/জেডিসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত সকল শিক্ষার্থী এ পুরস্কার পাবে। এরূপ পুরস্কার প্রাপ্ত শিক্ষার্থীদের সংখ্যা কোনভাবেই সীমিত করা যাবে না।

৮.০ লক্ষ্যমাত্রার পরিধি

২০১৪ সালে ১২৫ টি উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান এ পুরস্কার পাবে এবং ২০১৫ সাল থেকে ২১৫টি উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান এ পুরস্কারের আওতায় আসবে ।

৯.০ প্রতিষ্ঠানের যোগ্যতা

প্রকল্পের সাথে সহযোগিতা চুক্তি (Co-operation Agreement) স্বাক্ষর/নবায়নকারী সকল প্রতিষ্ঠান এ পুরস্কারের জন্য যোগ্য বিবেচিত হবে।

১০.০ শিক্ষার্থীর যোগ্যতা

সেকায়েপভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের (মাদরাসাসহ) ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণীর সেরা ফল অর্জনকারী শিক্ষার্থীরা এ পুরস্কারের জন্য বিবেচিত হবে। শিক্ষার্থীর যোগ্যতার মাপকাঠি হলো: ক) শিক্ষার্থীকে সেকায়েপভুক্ত প্রতিষ্ঠানের হতে হবে; খ) অসহশিক্ষা প্রতিষ্ঠানের ৭ম থেকে ৯ম শ্রেণীর প্রথম স্থান অধিকারী শিক্ষার্থী; গ) সহশিক্ষা প্রতিষ্ঠানের ৭ম থেকে ৯ম শ্রেণীর প্রথম স্থান অর্জনকারী ছাত্র ও ছাত্রী; এবং ঘ) জেএসসি/জেডিসি পরীক্ষায় জিপিএ-৫ অর্জনকারী শিক্ষার্থী।

১১.০ নির্বাচন পদ্ধতি

ধাপ-১: সেকায়েপ প্রতি বছর ডিসেম্বর মাসের শেষে ই-মেইল যোগে ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে একটি ফরম (সেকায়েপ ফরম-১) প্রেরণ করবে। কোন প্রতিষ্ঠান জানুয়ারী মাসের প্রথম সপ্তাহের মধ্যে ফরম পেলে না বা ফরম পূরণে তাদের কোন তথ্য/সহায়তার প্রয়োজন হলে তারা সেকায়েপের সাথে সরাসরি ফোনে যোগাযোগ করতে পারবে। নং ০২-৯৫৫৫১২৭, ফ্যাক্স: ০২-৯৫৫৫১৩৪ এবং seqaep@bdcom.net ই-মেইল: তাছাড়া সেকায়েপের website www.seqaep.gov.bd হতেও ফরমটি সংগ্রহ করা যাবে। ই-মেইলে ফর্ম জমা দেয়াকে প্রাধান্য দেয়া হবে। এটা প্রতিষ্ঠানের অতিরিক্ত যোগ্যতা হিসেবে গণ্য হতে পারে।

ধাপ-২: প্রতি বছর জানুয়ারী মাসের শেষে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সেকায়েপ ফরম-১ (**পরিশিষ্ট** ১) পূরণ করে ১৫ ফেব্রুয়ারির মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছে প্রেরণ করবে। ফরমটি ই-মেইল যোগে সেকায়েপে প্রেরণ করার জন্য প্রতিষ্ঠানগুলিকে উৎসাহিত করা হবে। তবে ফরমের একটি কপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকেও পাঠাবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ নিজ নিজ উপজেলার পূরণকৃত ফরম সংগ্রহ করে সেকায়েপ অফিসে প্রেরণ করবেন।

ধাপ-৩: উদ্দীপনা পুরস্কার বাস্তবায়ন ও বিতরণের লক্ষ্যে সেকায়েপ একজন ফোকাল পারসন নিয়োগ করবে। তিনি পুরস্কার বিতরণের পুরো প্রক্রিয়াটি সমন্বয় করবেন। এছাড়া ফোকাল পারসন ৮ম শ্রেণীর ক্ষেত্রে জেএসসি/জেডিসি'র ফলাফল শিক্ষা বোর্ড থেকে সরাসরি সংগ্রহ করে সেকায়েপ এমআইএস সেলে প্রেরণ করবেন।

ধাপ-৪: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কাছ থেকে পুরণকৃত ফরমসমূহ (সেকায়েপ-১ ফরম) প্রাপ্তির এবং শিক্ষা বোর্ড হতে জেএসসি/জেডিসি'র ফলাফল সংগ্রহের পর সেকায়েপ আইটি ডেক্স সংগৃহীত তথ্য প্রক্রিয়াকরণ এবং এমআইএস সেলে প্রেরণ করবে। এমআইএস সেল খসড়া এসিএফ তৈরী করে পিএমটিএতে পাঠাবে। এ কাজ প্রতি বছর মার্চ মাসের মাঝামঝি সময়ের মধ্যে শেষ করতে হবে। এসিএফ ফরমটি **পরিশিষ্ট ২ এ উল্লেখ করা হলো**।

ধাপ-৫: সেকায়েপ প্রতি বছর মার্চ মাসের শেষে অর্থ প্রদানের আদেশসহ এসিএফ ফরম (শ্রেষ্ঠ শিক্ষার্থী উদ্দীপনা পুরস্কার) অগ্রণী ব্যাংক-এ প্রেরণ করবে। এসিএফ-এর একটি কপি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে পাঠাতে হবে।

ধাপ-৬: উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অগ্রণী ব্যাংক স্থানীয় শাখার সাথে সমন্বয় করে বিতরণের দিন ধার্য্য করে পুরস্কার বিতরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

গ. **বিতরণ পদ্ধতি**

১২.০ তহবিল প্রবাহ চিত্র **(ট্রেজারী থেকে শিক্ষার্থী পর্যন্ত)**

উদ্দীপনা পুরস্কার বাবদ অনুদানের ব্যয় প্রথমে সরকারী কোষাগার হতে নির্বাহ করা হবে। সরকারী কোষাগার হতে অনুদান অর্থ প্রাপ্তি সহজলভ্য করতে অনুসরণীয় পদ্ধতি হবে নিম্নরুপ:

১. সেকায়েপ শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরুস্কার বাবদ এডিপিতে অর্থ বরাদ্দের প্রস্তাব দেবে;
২. মাউশি উক্ত বরাদ্দ এডিপিতে অর্ন্তভুক্ত করে শিক্ষা মন্ত্রণালয়কে প্রেরণ করবে;
৩. মাউশি, শিক্ষা মন্ত্রণালয় অগ্রিম উত্তোলনের জন্য অর্থ বিভাগের অনাপত্তি নেবে;
৪. অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা অগ্রিম চেক ইস্যু করবে;
৫. সেকায়েপ উদ্দীপনা পুরস্কারের এসিএফসহ অগ্রণী ব্যাংক বরাবর অর্থ পরিশোধের আদেশ জারী করবে;
৬. অগ্রণী ব্যাংকের স্থানীয় শাখা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বিতরণ সূচি অনুযায়ী প্রতিষ্ঠানসমূহে পুরুস্কারের অর্থ বিতরণ করবে;
৭. প্রতিষ্ঠান সমূহ ইউএসইও এবং ব্যাংক কর্মকর্তার সহায়তায় শিক্ষার্থীদের মধ্যে অর্থ বিতরণ করবে।

১৩.০ আইডিএ কর্তৃক পুনর্ভরণ

সেকায়েপ উদ্দীপনা পুরস্কার কার্যক্রম বাস্তবায়ন এবং বিতরণকৃত অর্থের সমন্বয় করবে। মহাপরিচালক, মাউশি ডিএলআই ভিত্তিক তহবিল হতে পুনর্ভরণের জন্য প্রমানসহ অর্থ উত্তোলনের আবেদন সমেত প্রতিবেদন প্রস্তুত করে আইডিএ বরাবর প্রেরণ করবে।

১৪.০ পুরস্কার বিতরণ

উদ্দীপনা পুরস্কার হিসেবে শ্রেষ্ঠ শিক্ষার্থী নগদ ১০০০.০০ টাকা ও একটি সনদপত্র পাবে।

১৫.০ শ্রেষ্ঠ শিক্ষার্থীর কৃতিত্ব অর্জনকারীর পুরস্কার প্রদান সময়সূচী/পঞ্জিকা

ক্রমিক	কর্মকান্ডের বিবরণ	সময়সূচী	দায়িত্ব	মন্তব্য
১.	সেকায়েপ ১ ফরম মুদ্রণ করবে	১-১৫ নভেম্বর	সেকায়েপ আইটি ডেক্স	
২.	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানে সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) প্রেরণ	১-৩০ নভেম্বর	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার শাখা, সেকায়েপ	
৩.	শিক্ষা বোর্ড হতে জেএসসি/জেডিসি পরীক্ষার ফল সংগ্রহ	জেএসসি/জেডিসি পরীক্ষার ফল প্রকাশের পর	প্রকল্প কর্মকর্তা, উদ্দীপনা পুরস্কার শাখা, সেকায়েপ	
৪.	প্রধান শিক্ষক/সুপার কর্তৃক পূরণকৃত সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ অথবা ই- মেইলে সফট কপি সরাসরি সেকায়েপে প্রেরণ (ইউএসও-কে কপি দিতে হবে)।	১৫ ডিসেম্বর - ৩১ জানুয়ারি	প্রধান শিক্ষক/সুপার	
৫.	সেকায়েপ ১ ফরম প্রকল্প কার্যালয়ে প্রেরণ	০১ ফেব্রুয়ারি- ১৫ ফেব্রুয়ারি	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
৬.	সেকায়েপ আইটি ডেক্স কর্তৃক উপাত্ত অন্তর্ভুক্তি এবং এমআইএস সেল (ব্যানবেইস) এ প্রেরণ	১৬ ফেব্রুয়ারি- -০১ মার্চ	সেকায়েপ আইটি ডেক্স	
৭.	খসড়া এসিএফ প্রস্তুত করে পিএমটিএ তে প্রেরণ (ডাটা সংহত করণের জন্য)	২-১০ মার্চ	সেকায়েপ/এমআইএস সেল (ব্যানবেইস)	
৮.	পিএমটিএ থেকে চূড়ান্ত এসিএফ সেকায়েপে প্রেরণ	১১-১৫ মার্চ	পিএমটিএ	
৯.	পেমেন্ট এ্যাডভাইসসহ এসিএফ অগ্রণী ব্যাংক, ইউএসইউও ও প্রতিষ্ঠানে প্রেরণ	১৫-৩১ মার্চ (সম্ভাব্য)	প্রকল্প কর্মকর্তা (উদ্দীপনা)	
১০.	উপজেলায় শিক্ষা মেলায় পুরস্কার বিতরণ		সেকায়েপ কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
১১.	ছাড়কৃত অর্থ সমন্বয়ের বিবরণী সংগ্রহ করে সেকায়েপে প্রেরণ	১-৩০ মে	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা	
১২.	অগ্রণী ব্যাংক কর্তৃক চূড়ান্ত বিবরণী প্রস্তুত	০১-১৫ জুনের মধ্যে	অগ্রণী ব্যাংক	

১৬.০ পুরুস্কার বিতরণের সময়

আশা করা যায় প্রতি বছর মার্চ/এপ্রিল মাসে শ্রেষ্ঠ শিক্ষার্থী উদ্দীপনা পুরস্কার বিতরণ করা হবে।

ঘ. সেকায়েপ ও অন্যান্য সহযোগী সংস্থার ভূমিকা ও দায়িত্ব

১৭.০ মহাপরিচালক, মাউশি এর ভূমিকা

১) সংশ্লিষ্ট অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে পরিকল্পনা সংশ্লিষ্ট অর্থ বছরের জন্য (২০১৪-২০১৭) বরাদ্দ নিশ্চিত করা;
২) এডিপিতে বরাদ্দ রাখার জন্য অর্থ বিভাগের সাথে আলোচনা করে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুরোধ পত্র প্রেরণ;
৩) অগ্রিম উত্তোলনের জন্য অর্থ বিভাগ হতে অনাপত্তি পত্রসনদ সংগ্রহ;
৪) অগ্রিম চেক উত্তোলনের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার সাথে যোগাযোগ;
৫) ব্যয় বিবরণী ও অর্থনৈতিক কোর্ড পর্যালোচনাপূর্বক ব্যয়িত অর্থের দাবী নামা প্রস্তুত ও প্রেরণ;
৬) IDA হতে ব্যয়িত অর্থের পূণর্ভরণ এর জন্য প্রক্রিয়া সম্পাদন এবং সরকারী কোষাগারে জমার উদ্যোগ গ্রহণ;
৭) ষ্টিয়ারিং কমিটির মাধ্যমে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণপূর্বক সেকায়েপ পরবর্তী ২০১৮ হতে SWAP বাস্তবায়নকালে উদ্দীপনা পুরস্কার অব্যাহত রাখা ।

১৮.০ সেকায়েপের ভূমিকা

১) অতিরিক্ত অর্থায়নের আওতায় নতুন সংযোজিত ৯০ উপজেলায় BSAA সম্প্রসারণের লক্ষ্যে সম্পৃক্ত দপ্তরসমূহ প্রজ্ঞাপন
২) চলমান ১২৫ টি উপজেলায় কার্যক্রম চালু রাখার বিষয়ে একইভাবে প্রজ্ঞাপন প্রেরণ;
৩) শ্রেষ্ঠ শিক্ষার্থী পুরুস্কারের জন্য প্রয়োজনীয় বাজেট প্রাক্কলন প্রস্তুত;
৪) সেকায়েপভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে যথাসময়ে সেকায়েপ ১ ফরম প্রেরণ;
৫) প্রতিষ্ঠান প্রধান-এর কাছ থেকে প্রাপ্ত তথ্য উপাত্ত যাচাই ও প্রক্রিয়াকরণের ব্যবস্থা করা;
৬) শিক্ষা বোর্ডসমূহ হতে জেএসসি/জেডিসি ফলাফল সংগ্রহ করে এসিএফ প্রস্তুতের জন্য এমআইএস সেলে প্রেরণ;
৭) অর্থ প্রদান ছাড় পত্রসহ এসিএফ অগ্রণী ব্যাংকে প্রেরণ;
৮) পুরস্কার প্রাপ্তদের জন্য উত্তম কৃতিত্ব সনদ প্রস্তুত ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবর প্রেরণ;
৯) অগ্রণী ব্যাংকের পরামর্শ নিয়ে উদ্দীপনা পুরস্কার বিতরণ সময়সূচি প্রস্তুত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করা;
১০) অগ্রণী ব্যাংক এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট থেকে চূড়ান্ত অর্থ বিতরণ বিবরণী সংগ্রহ ও সমন্বয় বিবরণী প্রস্তুত;
১১) অর্থ বিতরণ বিবরণী সংগ্রহ করে অর্থনৈতিক কোড এর যথার্থতা পর্যালোচনাক্রমে মহাপরিচালক, মাউশিকে IDA হতে বিতরণকৃত সমপরিমাণ অর্থ উত্তোলনের দাবী নামা প্রক্রিয়াকরণ এবং সরকারী কোষাগারে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণ।

১৯.০ সেকায়েপ আইটি ডেস্ক

(১) তথ্য (সেকায়েপ ১ ফরম ও মাধ্যমিক শিক্ষা বোর্ড-এর ফলাফল) সংগ্রহ ও প্রক্রিয়াকরণ করা; (২) প্রক্রিয়াকরণ শেষ করে এমআইএস সেলে প্রেরণ।

২০.০ বেইনবেইজ/এমআইএস সেল

বেইনবেইজ এ অবস্থিত এমআইএস সেল সেকায়েপ প্রেরিত তথ্য ব্যবহার করে খসড়া এসিএফ তৈরী এবং পিএমটিএ-তে প্রেরণ করবে। এছাড়া জেএসসি/জেডিসি'র ফলাফর বোর্ড থেকে সংগ্রহ করে ড্রাফট এসিএফ তৈরী করবে এবং পিএমটিএ-তে পাঠাবে।

২১.০ পিএমটিএ এর ভুমিক

চূড়ান্ত এসিএফ প্রস্তুত করে সেকায়েপ বরাবর প্রেরণ করবে।

২২.০ সিএজিএর ভুমিকা

অগ্রিম উত্তোলন অনুমোদন ও অগ্রিম চেক ইস্যু করবেন। বিতরণকৃত অর্থের বিবরণী প্রস্তুত করে মাউশি এবং সেকায়েপ এ প্রেরণ করবেন। চুক্তি অনুযায়ী কর্মসূচি বাস্তবায়নে সহায়তা দেবেন।

২৩.০ ইউএনও' এর ভুমিকা

শ্রেষ্ঠ শিক্ষার্থী উদ্দীপনা পুরস্কার কর্মসূচী বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে পরামর্শ ও নির্দেশনা দেবেন।

২৪.০ অগ্রণী ব্যাংক-এর ভূমিকা

ক) অপারেশন ম্যানুয়েলে বর্ণিত সেকায়েপ-এর নির্দেশনা অনুযায়ী পুরস্কারের অর্থ বন্টন করা; (খ) অর্থ বন্টনের পরে সমন্বয় প্রতিবেদন তৈরী এবং সেকায়েপ-এ প্রেরণ করা।

২৫.০ ইউএসইও'র ভূমিকা

উপজেলা শিক্ষা কর্মকর্তার দায়িত্ব হলো: (ক) শ্রেষ্ঠ শিক্ষার্থী উদ্দীপনা পুরস্কার বিষয়ে শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করা; (খ) মাঠ পর্যায়ে উদ্দীপনা পুরস্কার প্রদান কর্মসূচীর বাস্তবায়ন সমন্বয় করা ও সহায়তা দেয়া; (গ) যথাসময়ে সুষ্ঠুভাবে পুরস্কার বিতরণের জন্য স্থানীয় অগ্রণী ব্যাংককে সহায়তা প্রদান; (ঘ) উদ্দীপনা পুরস্কার প্রদানের জন্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সরবরাহকৃত তথ্য যাচাই; (ঙ) শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কাছ থেকে সেকায়েপ ১ ফরম সংগ্রহ করা; এবং (চ) যে কোন পর্যায়ে যে কোন সমস্যা নিরসনে সহায়তা দেয়া ও সেকায়েপ কর্তৃপক্ষকে জানানো; ছ) বিতরণ বিবরণ সেকায়েপে প্রেরণ করা।

২৬.০ প্রতিষ্ঠান প্রধানের ভূমিকা

প্রতিষ্ঠান প্রধান: ১. নির্ধারিত সময়ের মধ্যে সেকায়েপ ফরম ১ পূরণ করে সেকায়েপ এ তথ্য প্রদান; ২. যোগ্য শিক্ষার্থীদের মধ্যে পুরস্কারের অর্থ বিতরণে সহায়তা দেয়া; ৩. অগ্রণী ব্যাংককে পুরস্কারের অর্থ বিতরণে সহায়তা প্রদান করা; ৪. অর্থ বিতরণের তথ্য সেকায়েপ ও ইউএসইওকে সরবরাহ করা; ৫. প্রতিষ্ঠান এবং শিক্ষার্থী ভিত্তিক এসএসসি/দাখিল এবং সমমান পাশ করা শিক্ষার্থীদের ফলাফল (৩ শিক্ষা বর্ষের তথ্য প্রদানের ছক) সরবরাহ করা।

২৭.০ এসএমসি/এমএমসি ও পিটিএ'র ভূমিকা

যথাযথভাবে পুরস্কার বিতরণ নিশ্চিত করতে এসএমসি/এমএমসি ও পিটিএ সদস্যগণ পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

২৮.০ এমইডব্লিউ'র ভূমিকা

পুরস্কারের অর্থ সদ্ব্যবহার বিষয়ে আলোকপাত করে দ্রুত উদ্দীপনা পুরস্কার মূল্যায়ন সম্পন্ন করা।

পরিশিষ্ট ৫

পিএমটি শিক্ষার্থীদের জন্য এসএসসি/দাখিল/সমমান উদ্দীপনা পুরস্কারের এ্যাওয়ার্ড কনফামের্শন ফরম

লোকেশন কোড: উপজেলা :-------------- জেলা : --------------- বিভাগ :--------------

ইআইআইএন নং প্রতিষ্ঠানের নাম ----------------------

ব্যাংক শাখা কোড -------------------------- ব্যাংক শাখার নাম; --------------------- ।

পিএমটি আইডি	শিক্ষার্থীর নাম	ক্যাটেগরি-১ অথবা ২	পিতার নাম	রেজি: নং	রোল নং	জিপিএ	পরিমাণ (টাকায়)	স্বাক্ষর
							১৫০০/-	
							১৫০০/-	
							১৫০০/-	
							১৫০০/-	
							১৫০০/-	

পরিশিষ্ট ২

শ্রেষ্ঠ শিক্ষার্থী উদ্দীপনা পুরস্কারের জন্য এসিএফ (পুরষ্কার নিশ্চিতকরণ ফরম)

লোকেশন কোড................. উপজেলা............................. জেলা..

বিভাগ..............................

ইআইআইএন.......... প্রতিষ্ঠানের নাম...

শাখা (ব্রাঞ্চ) কোড .... শাখার (ব্রাঞ্চ) নাম ....

পিএমটি আইডি (যদি থাকে)	পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীর নাম	শ্রেণী	রোল (শ্রেণী/জেএসসি/জেডিসি)	টাকা	স্বাক্ষর
		৭ম		১০০০.০০	
		৮ম		১০০০.০০	
		৯ম		১০০০.০০	

ফান্ড ফ্লো চার্ট (কোষাগার থেকে শিক্ষার্থী)



শ্রেষ্ঠ শিক্ষার্থীর কৃতিত্ব অর্জনকারীকে পুরস্কার প্রদান সময়সূচী/পঞ্জিকা

সেকায়েপ আইটি ডেস্ক সেকায়েপ ১ ফরম প্রিন্ট করবে

↓

প্রকল্প কর্মকর্তা (উদ্দীপনা) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও শিক্ষা প্রতিষ্ঠানে সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) প্রেরণ করবে

↓

প্রকল্প কর্মকর্তা শিক্ষা বোর্ড হতে জেএসসি/জেডিসি পরীক্ষার ফল সংগ্রহ করবে

↓

প্রধান শিক্ষক/সুপার পূরণকৃত সেকায়েপ ১ ফরম (হার্ড কপি) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অথবা ই-মেইলের মাধ্যমে সরাসরি সেকায়েপে প্রেরণ করবে

↓

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সেকায়েপ ১ ফরম প্রকল্প কার্যালয়ে পৌছাবেন

↓

সেকায়েপ আইটি ডেস্ক উপাত্ত অন্তর্ভুক্তি এবং এমআইএস সেল (ব্যানবেইস) এ প্রেরণ নিশ্চিত করবে

↓

এমআইএস সেল (ব্যানবেইস) খসড়া এসিএফ প্রস্তুত করে পিএমটিএ তে প্রেরণ করবে

↓

পিএমটিএ সমন্বিত তথ্য ভান্ডার হতে চূড়ান্ত এসিএফ সেকায়েপে প্রেরণ করবে

↓

প্রকল্প কর্মকর্তা পেমেন্ট এ্যাডভাইসসহ এসিএফ অগ্রণী ব্যাংক, ইউএসইউও, প্রতিষ্ঠানে প্রেরণ নিশ্চিত করবে

↓

উপজেলা শিক্ষা মেলায় পুরস্কার বিতরণ করা

↓

ইউএসইউও ছাড়কৃত অর্থ সমন্বয়ের বিবরণী সংগ্রহ করে সেকায়েপ এ প্রেরণ করবে

↓

অগ্রণী ব্যাংক চূড়ান্ত বিবরণী প্রস্তুত ও সম্পন্ন করবে